# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 06 April, 2025

ঝিনাইদহের মহেশপুরে নানাবাড়ি বেড়াতে যাওয়া চার বছরের এক শিশুকে সৎমামার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে।গত শুক্রবারের এ ঘটনা জানাজানি হওয়ার পর আজ রোববার ভোর থেকে অভিযুক্ত ব্যক্তি পলাতক রয়েছেন।

শিশুটির স্বজনেরা জানান, গত বৃহস্পতিবার মায়ের সঙ্গে সে নানাবাড়ি বেড়াতে গিয়েছিল।শুক্রবার তার সৎমামা তাকে খাবারের প্রলোভন দেখিয়ে ভুট্টাখেতে নিয়ে ধর্ষণ করেন।পরে শিশুটি তার পরিবারকে ঘটনা জানায়।পরীক্ষার জন্য আজ তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এ বিষয়ে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোস্তাফিজুর রহমান সুজন বলেন, শিশুটিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে পাঠানো হয়েছে।

এ বিষয়ে জানতে চাইল জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, ‘শিশুটির বাড়ি জীবননগরে।তবে ঘটনা ঘটেছে পার্শ্ববর্তী উপজেলা মহেশপুরে।সকালে ওই শিশুকে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আনা হয়েছিল।তাকে চুয়াডাঙ্গায় পাঠানো হয়েছে বলে জেনেছি।থানায় অভিযোগ দিলে আমরা তদন্ত করে ব্যবস্থা নেব।

চুয়াডাঙ্গা ঝিনাইদহ ধর্ষণ অপরাধ খুলনা বিভাগ জীবননগর শিশু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 06:59

URL: https://timestodaybd.com/public/across-the-country/527197362